অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

মহামারীর কারণে শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত মোকাবেলা এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে সহায়তা করতে গভর্নর হোকল স্কুলগুলোর জন্য উপলভ্য 108 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

কোভিড স্কুল প্রোগ্রাম অনুদান থেকে পুনরুদ্ধার স্থাপন করে

কোভিড-19 মহামারী থেকে শিক্ষার্থীদের ট্রমা মোকাবেলায় সহায়তা করার জন্য প্রোগ্রাম তৈরি বা সম্প্রসারণের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার

নতুন স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক তৈরি এবং সহায়তা করার জন্য 8.3 মিলিয়ন মার্কিন ডলার

মানসিক স্বাস্থ্য সহায়তা সম্প্রসারণের জন্য গভর্নরের স্টেট অভ দ্যা স্টেট অগ্রাধিকার উন্নত করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে মানসিক স্বাস্থ্য সহায়তা সম্প্রসারণের মাধ্যমে শিক্ষার্থীদের কল্যাণে সহায়তা করতে স্কুল ডিস্ট্রিক্টের জন্য 108 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য। নতুন স্টেট ম্যাচিং ফান্ড, কোভিড স্কুল প্রোগ্রাম থেকে 100 মিলিয়ন মার্কিন ডলার পুনরুদ্ধার করা, শিক্ষার্থীদের মহামারীর কারণে সৃষ্ট ট্রমা মোকাবেলায় সহায়তা করার জন্য সবচেয়ে বেশি চাহিদা সম্পন্ন স্কুল ডিস্ট্রিক্টগুলোকে অগ্রাধিকার দিয়ে প্রোগ্রাম তৈরি বা সম্প্রসারণের জন্য তহবিল প্রদান করবে। অধিকন্তু, কোভিড স্কুল প্রোগ্রাম থেকে 100 মিলিয়ন মার্কিন ডলার পুনরুদ্ধারের একটি অংশ মহামারী দ্বারা বেড়ে যাওয়া শিক্ষার্থীদের শিক্ষাকার্যক্রমে ব্যাঘাত মোকাবেলায় উপলভ্য। গভর্নর হোকল তার ঐতিহাসিক 1 বিলিয়ন মার্কিন ডলার মানসিক স্বাস্থ্য পরিকল্পনার মধ্যে 8.3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে স্টেট জুড়ে স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিকগুলোকেও সম্প্রসারিত করছেন। আজকের তহবিলের ঘোষণা শিক্ষার্থী এবং স্কুল স্টাফদের মানসিক স্বাস্থ্য সহায়তা সম্প্রসারিত করার জন্য গভর্নর হোকলের স্টেট অভ দ্যা স্টেট অগ্রাধিকারগুলোর মধ্যে একটি।

"আমাদের শিক্ষার্থীদের উপর মহামারীর প্রভাবগুলো ছিল ধ্বংসাত্মক এবং অপরিবর্তনীয় - সেজন্য আমরা শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত (লার্নিং লস) মোকাবেলায় এবং আমাদের স্কুলে মানসিক স্বাস্থ্য সহায়তা সম্প্রসারিত করতে ঐতিহাসিক বিনিয়োগ

করছি," **গভর্নর হোকল বলেন।** "শিক্ষার্থীরা কোথায় পিছিয়ে পড়েছে তা চিহ্নিত করে এবং তাদের প্রয়োজনীয় মানসিক রিসোর্সগুলো পাওয়ার মাধ্যমে, এই অর্থায়ন নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সাফল্যের পথে ফিরিয়ে আনতে সহায়তা করবে।"

স্বতন্ত্র স্কুল ডিস্ট্রিক্ট বা BOCES, স্কুল ডিস্ট্রিক্টের একটি কনসোর্টিয়াম বা BOCES অথবা এই সত্ত্বাগুলোর যেকোনো সমন্বয় কোভিড স্কুল প্রোগ্রাম (Recover from COVID School Program, RECOVS) অনুদান এবং লার্নিং লস RECOVS অনুদান থেকে মানসিক স্বাস্থ্য পুনরুদ্ধারের জন্য আবেদন করতে পারে। এই RECOVS অনুদানগুলোকে সমর্থন করার জন্য মোট 100 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য।

মানসিক স্বাস্থ্য RECOVS অনুদান এর উদ্দেশ্যগুলো স্কুল ডিস্ট্রিক্ট এবং BOCES আবেদনকারীদের থেকে নিম্নোক্ত চার্জ করে:

1. স্কুল-ভিত্তিক পেশাদার মানসিক স্বাস্থ্য, প্রমাণ-ভিত্তিক এবং প্রমাণ-অবহিত হস্তক্ষেপ, প্রোগ্রামিং, পরিষেবা, সমর্থন এবং প্র্যাকটিস যা মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা প্রমোট করে শিক্ষার্থীদের সুযোগ সম্প্রসারিত করে
2. মানসিক স্বাস্থ্য উদ্বেগ সনাক্ত করতে এবং সহায়তা-সন্ধানী আচরণ বাড়ানোর জন্য স্কুলের স্টাফদের এবং শিক্ষার্থীদের সক্ষমতা উন্নত করে
3. শিক্ষার্থীদের বৈচিত্র্য, ইক্যুইটি এবং অন্তর্ভুক্তির প্রমোট করার সময় বিভিন্ন প্রমাণ-ভিত্তিক এবং প্রমাণ-ভিত্তিক স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্যে হস্তক্ষেপ এবং প্র্যাকটিসগুলো প্রয়োগ করে যা সাংস্কৃতিকভাবে, ভাষাগতভাবে এবং ট্রমায় সাড়াদানে উপযোগী
4. RECOVS মানসিক স্বাস্থ্য অনুদান কর্মসূচির দ্বিতীয় ও শেষ বছরের পরেও আর্থিক স্থিতিশীলতা এবং প্রমাণ-ভিত্তিক এবং প্রমাণ-অবহিত স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্যে হস্তক্ষেপ, প্রোগ্রাম পরিষেবা এবং সহায়তাগুলোতে শিক্ষার্থীদের প্রবেশাধিকারের ধারাবাহিকতা নিশ্চিত করে

লার্নিং লস RECOVS অনুদান এর উদ্দেশ্যগুলো স্কুল ডিস্ট্রিক্ট এবং BOCES আবেদনকারীদের থেকে নিম্নোক্তগুলো চার্জ করে:

1. পেশাদার অ্যাকাডেমিক পুনরুদ্ধার, প্রমাণ-ভিত্তিক এবং প্রমাণ-অবহিত হস্তক্ষেপ, প্রোগ্রামিং, পরিষেবা, সমর্থন এবং প্রতিশ্রুতিশীল প্র্যাক্টিসে শিক্ষার্থীদের সুযোগ সম্প্রসারিত করে যা লার্নিং লস প্রতিরোধ করে
2. লার্নিং লস সনাক্ত করার জন্য স্কুল স্টাফ এবং শিক্ষার্থীদের সক্ষমতা উন্নত করে এবং অ্যাকাডেমিক পুনরুদ্ধার সহায়তা চাওয়া, প্রাপ্তি এবং প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী স্টাফদের রিসোর্স এবং দক্ষতা বৃদ্ধি করে
3. শিক্ষার্থীদের বৈচিত্র্য, ইক্যুইটি এবং অন্তর্ভুক্তির প্রমোট করার সময় বিভিন্ন প্রমাণ-ভিত্তিক এবং প্রমাণ-ভিত্তিক স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য হস্তক্ষেপ এবং প্র্যাকটিসগুলো প্রয়োগ করে যা সাংস্কৃতিকভাবে, ভাষাগতভাবে এবং ট্রমায় সাড়াদান উপযোগী
4. RECOVS লার্নিং লস গ্রান্ট প্রোগ্রামের দ্বিতীয় এবং শেষ বছরের পরও লার্নিং লস অভিজ্ঞতা অব্যাহত থাকা শিক্ষার্থীদের জন্য প্রমাণ-ভিত্তিক এবং প্রমাণ-ভিত্তিক স্কুল-

ভিত্তিক অ্যাকাডেমিক পুনরুদ্ধারের সুযোগের আর্থিক স্থিতিশীলতা এবং ধারাবাহিকতা নিশ্চিত করে

তহবিল দুই বছর ধরে (বার্ষিক 50 মিলিয়ন মার্কিন ডলার) প্রদান করা হবে। 18 আগস্ট, 2023 তারিখে বিকেল 5 টার মধ্যে আবেদন জমা দিতে হবে। আরো তথ্য এবং আবেদনের বিশদ বিবরণ পাওয়া যেতে পারে এখানে। RECOVS এর জন্য তহবিল নিউ ইয়র্ক স্টেটের স্টেট অর্থবছর 2022-2023 এর জন্য প্রণীত বাজেটে অন্তর্ভুক্ত ছিল।

অধিকন্তু, স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক তৈরির করতে অনুদানের জন্য 8.3 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) আজ নতুন স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক স্যাটেলাইট তৈরি করতে এবং সম্প্রতি প্রতিষ্ঠিত স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য মানসিক স্বাস্থ্য ক্লিনিক স্যাটেলাইট সহায়তা করার জন্য লাইসেন্সপ্রাপ্ত OMH প্রদানকারীদের স্টার্ট-আপ খরচের জন্য 25,000 মার্কিন ডলার পর্যন্ত আবেদনের জন্য একটি অনুরোধ জারি করেছে। অতিরিক্ত 20,000 মার্কিন ডলার (মোট 45,000 মার্কিন ডলার) উচ্চ-চাহিদা সম্পন্ন ডিস্ট্রিক্টগুলোতে স্থাপিত ক্লিনিকগুলোর জন্য উপলভ্য হবে যেখানে 50 শতাংশের বেশি শিক্ষার্থী অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত। 5 অক্টোবর, 2023 তারিখে দুপুর 1 টার মধ্যে আবেদন জমা দিতে হবে। আরো তথ্য এবং আবেদন বিবরণ পাওয়া যেতে পারে এখানে।

এই বছরের শুরুতে গভর্নর হোকল, OMH এবং শিশু ও পরিবার পরিষেবা অফিস (Office of Children and Family Services, OCFS) মিডল ও হাই স্কুল শিক্ষার্থীদের কাছ থেকে কিভাবে তাদের স্কুলগুলো শিক্ষার্থীদের সুস্থ্যতার উন্নতি করতে পারে সে ব্যাপারে সরাসরি ইনপুট পেতে স্টেটব্যাপী একটি ইয়ুথ মেন্টাল হেলথ লিসেনিং ট্যুর পরিচালনা করার জন্য নির্দেশ দিয়েছেন।

OMH ও OCFS লিসেনিং ট্যুরের সময় সংগৃহীত তথ্য সংকলন করে এবং তাদের ফলাফলের বিষয়ে গভর্নরের কাছে একটি রিপোর্ট উপস্থাপন করে। স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্যের ক্লিনিকগুলো প্রায়ই শিক্ষার্থী, পিতামাতা, তত্ত্বাবধায়কগণ ও মানসিক স্বাস্থ্যের আইনজীবিদের মাধ্যমে লিসেনিং সেশনের সময় মানসিক স্বাস্থ্যের সমস্যাগুলোর সাথে লড়াই করা তরুণদের সহায়তা করার উপায় হিসেবে উল্লেখ করা হয়েছিল। এই রিপোর্টটি যুব মানসিক স্বাস্থ্য সম্পর্কিত প্রথম নিউ ইয়র্ক স্টেট সামিটে গভর্নর প্রকাশ করেছিলেন, যেখানে 1,000 এরও বেশি মানসিক স্বাস্থ্য পেশাদার, আইনজীবি ও অন্যান্য স্টেকহোল্ডারগণ অংশগ্রহণ করেছিলেন।

2024 অর্থ বছরের বাজেট নিউ ইয়র্কের স্কুলগুলোতে একটি ঐতিহাসিক 34.5 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করে, যা ইতিহাসে সর্বোচ্চ পর্যায়ের স্টেট সহায়তা, যা প্রতিটি শিক্ষার্থীকে উচ্চমানের শিক্ষার মাধ্যমে সফল হওয়ার উপকরণ প্রদানে সহায়তা করে। 2024 বাজেটটি স্টেটব্যাপী স্কুল বয়সী শিশুদের জন্য মানসিক সেবা সম্প্রসারণ করার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলারও প্রদান করে, যার মধ্যে রয়েছে স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার এবং একসাথে অনেকগুলো (রেপঅ্যারাউন্ড) পরিষেবা প্রশিক্ষণ বাস্তবায়ন করতে 10 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। বাজেটটি বিমা কভারেজের অসঙ্গতিগুলো বন্ধ করে দেয় যা

মানসিক স্বাস্থ্য সেবা ও মাদক ব্যবহার ব্যাধি সেবার চাহিদায় থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য প্রতিবন্ধকতা সৃষ্টি করে রেখেছে। বাজেটে উল্লেখিত বেশ কিছু উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্যে, স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলোতে প্রদত্ত পরিষেবাগুলো কভার করার জন্য বাণিজ্যিক বীমা পরিকল্পনার প্রয়োজন হবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথের কমিশনার ডা. অ্যান সুলিভান বলেন, "এখন পর্যন্ত OMH স্টেট জুড়ে অবস্থিত স্কুলগুলোতে 1,000 টিরও বেশি মানসিক স্বাস্থ্য ক্লিনিক তৈরি করেছে এবং এই বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটে তরুণ-তরুণীদের প্রতি আমাদের অঙ্গীকার অব্যাহত রেখেছে। স্কুলগুলোতে সরাসরি পরিষেবা প্রদান করার মাধ্যমে অ্যাক্সেস বৃদ্ধি করে, সমন্বিত কেয়ারকে জোরদার করে এবং ক্ষত (স্টিগমা) হ্রাস করতে সহায়তা করে, যার সবগুলোই তরুণদের আরো ভালো স্বাস্থ্যের ফলাফলের দিকে পরিচালিত করে। গভর্নর হোকল একটি সাহসী পরিকল্পনার উদ্বোধন করেছেন যা সকল নিউ ইয়র্কবাসীদের বিশেষ করে শিশু, যুবক ও পরিবারগুলোর জন্য যারা আগের চেয়ে বেশি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে তাদের মানসিক স্বাস্থ্য ও সুস্থ্যতাকে সহায়তা এবং উন্নত করবে।"

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের কমিশনার বেটি এ. রোসা বলেন, "গভর্নর হোকলের সাথে অংশিদ্বারিত্বে, এই অনুদানগুলো আমাদের স্কুলগুলোতে মহামারি-সম্পর্কিত ট্রমা মোকাবেলা করার জন্য এবং অ্যাকাডেমিক, উপস্থিতি ও মানসিক স্বাস্থ্যের সমস্যাগুলোর সাথে লড়াই করা শিক্ষার্থীদের চাহিদা মেটাতে আমদের স্কুলসমূহে ইতোমধ্যে চলমান প্রচেষ্টার পরিপূরক হবে। আতঙ্কজনক অভিজ্ঞতাগুলো শেখার সকল দিককে প্রভাবিত করতে পারে। প্রতিটি শিশু একটি মানসম্পন্ন শিক্ষার অ্যাক্সেস পাওয়ার যোগ্য এবং এই তহবিলগুলো আমাদের শিক্ষকদেরকে মহামারীর মাধ্যমে সবচেয়ে বেশি প্রভাবিত শিক্ষার্থীদের গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করতে সক্ষম করবে।

নিউ ইয়র্ক স্টেট বোর্ড অব রিজেন্ট এর চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র বলেন, "মহামারী শুরু হওয়ার পর থেকে আমরা একটি দীর্ঘ পথ এগিয়ে এসেছি; যাই হোক বিশেষ করে আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ শিক্ষার্থীদের মাঝে কোভিড এর দীর্ঘমেয়াদি প্রভাব অব্যাহত রয়েছে। এই তহবিল স্কুল ও ডিস্ট্রিকগুলোকে শিক্ষার্থীদের কল্যাণের দিকে নজর দিতে এবং মহামারীর মাধ্যমে সৃষ্ট প্রতিকূলতাগুলো মোকাবেলায় স্কুল সংযোগের কৌশলগুলোকে শক্তিশালী করার অনুমতি প্রদান করবে। গভর্নর ও আমাদের স্টেট সরকারের অংশীদ্বারীত্বের সাথে কাজ করে, আমরা শিশু, পরিবার ও স্কুল কমিউনিটির জন্য তাদের সবচেয়ে প্রয়োজনীয় রিসোর্স সরবরাহ করতে পারি।"

স্টেট সিনেটর শেলি মেয়ার বলেন, "আমি খুবই আনন্দিত যে গভর্নর হোকলের সহায়তায় আমার সিনেট সহকর্মীগণ ও আমি গত বছরের স্টেট বাজেটে RECOVS কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত ও মানসিক স্বাস্থ্যের সমস্যাগুলো মোকাবেলা করতে স্কুলগুলোর জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নির্ধারণ করতে সক্ষম হয়েছি। এই তহবিল ঘোষণার মাধ্যমে, আমরা এই চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে শুরু করেছি এবং স্কুলগুলোকে তাদের অত্যন্ত প্রয়োজনীয় রিসোর্সসমূহ সরবরাহ করতে শুরু করেছি। স্পষ্ট অভিজ্ঞতামূলক প্রমাণ রয়েছে যে কোভিড মহামারী নিউ ইয়র্কের শিক্ষার্থীদের শেখার ও সামাজিক/মানসিক

উন্নয়নে বাধার ফলস্বরূপ শিক্ষার যথেষ্ট ক্ষতি ও মানসিক চ্যালেঞ্জ আরোপ করছে। এখন, এই তহবিলগুলো অ্যাক্সেস করার সুবিধার সাথে, আমরা এই কর্ণারটির মোড় ঘুরাতে পারি এবং আগামী বছরে এই গুরুতর চ্যালেঞ্জগুলোর মোকাবেলা করতে পারি। আমি গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ এবং আমার আইন প্রণয়নকারী সহকর্মীদের এই তহবিল উপলভ্য করার জন্য প্রশংসা করি, যাতে নিউ ইয়র্কের শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য রিসোর্স দিয়ে মহামারী থেকে পুনরুদ্ধার হতে পারে।"

অ্যাসেম্বলী সদস্য মাইকেল আর. বেনেডেট্টো বলেন, "সকল গবেষণায় দেখা গেছে যে কোভিড মহামারীর কারণে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার্থীরা বড় ধরনের শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত ও মানসিক আঘাতের শিকার হয়েছে। এই বিষয়গুলোকে স্বীকৃতি দেওয়ার ও আমাদের স্কুলগুলোতে ঘটে যাওয়া শিক্ষা ও মানসিক স্বাস্থ্যের বাধাগুলো কাটিয়ে উঠতে কর্মসূচি তৈরি বা সম্প্রসারণে প্রয়োজনীয় তহবিলের প্রতিশ্রুতি দেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে অভিনন্দন জানাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418